অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/7/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ফোর্থ ডিপার্টমেন্টের আপিল ডিভিশনে নিয়োগের ঘোষণা করেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেন যে বিচারপতি Erin S. Skinner (এরিন এস. স্কিনার) কে সুপ্রিম কোর্টের ফোর্থ ডিপার্টমেন্টের আপিল ডিভিশনের (Appellate Division) একজন অতিরিক্ত বিচারপতি হিসেবে নিয়োগ করা হয়েছে।

"নিউ ইয়র্কবাসীদের ন্যায়পরায়ণ ও উৎকৃষ্ট একটি বিচারব্যবস্থা প্রাপ্য," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "বিচারপতি স্কিনারের দীর্ঘ আইনি অভিজ্ঞতা এবং ন্যায়বিচারের প্রতি তার অবিচল নিষ্ঠা তাকে এই পদের জন্য বিশেষভাবে যোগ্য করে তুলেছে এবং আমি নিশ্চিত যে তিনি নিরপেক্ষতা ও ন্যায়পরায়ণতার সাথে নিউ ইয়র্কবাসীদের সেবা করবেন।"

বিচারপতি এরিন এস. স্কিনার

বিচারপতি এরিন এস. স্কিনার 2024 সালের নভেম্বরে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের সপ্তম জুডিশিয়াল ডিস্ট্রিক্টের বিচারক হিসেবে নির্বাচিত হন এবং বর্তমানে তিনি শ্রম আইন, ব্যক্তিগত আঘাতজনিত ক্ষতিপূরণ, পারিবারিক ও বিবাহ-সংক্রান্ত বিষয় এবং বন্ধকী সম্পত্তি বাজেয়াপ্তকরণ (ফোরক্লোজার) সংক্রান্ত দেওয়ানি মামলা পরিচালনার দায়িত্বে নিয়োজিত আছেন।

বিচারক হিসেবে নির্বাচিত হওয়ার আগে, বিচারপতি স্কিনার আপিল বিভাগের ফোর্থ ডিপার্টমেন্টের মাননীয় Joanne Winslow (জোয়ান উইন্সলো) (অবসরপ্রাপ্ত) এবং মাননীয় Mark Montour (মার্ক মন্টুর) এর প্রিন্সিপ্যাল ল ক্লার্ক (Principal Law Clerk) হিসেবে দায়িত্ব পালন করেছেন। সেই ভূমিকায় তিনি দেওয়ানি ও ফৌজদারি আপিল সংক্রান্ত নানাবিধ মামলায় কাজ করেছেন। 2019 থেকে 2021 সাল পর্যন্ত তিনি নিউ ইয়র্কের সর্বোচ্চ আদালত নিউ ইয়র্ক স্টেট কোর্ট অফ আপিলস (New York State Court of Appeals)-এ কোর্ট ক্লার্ক হিসেবেও দায়িত্ব পালন করেন।

নিউ ইয়র্কের আপিল আদালতে দায়িত্ব পালনের আগে, বিচারপতি স্কিনার মনর কাউন্টি পাবলিক ডিফেন্ডার'স অফিসে (Monroe County Public Defender's Office) সহকারী পাবলিক ডিফেন্ডার হিসেবে প্যাক্টিস করেছেন, সেখানে তিনি ফৌজদারি মামলায় মক্কেলদের প্রতিনিধিত্ব করতেন এবং নিয়মিতভাবে মনর কাউন্টির ট্রায়াল আদালতে উপস্থিত থাকতেন। বিচার ব্যবস্থার মধ্য দিয়ে যাওয়া ব্যক্তিদের পক্ষে কাজ করার অভিজ্ঞতা তাকে বিচারিক সিদ্ধান্তের প্রভাব এবং আদালতে প্রতিটি বিচারপ্রার্থীর কথা সুষ্ঠু ও সম্মানজনকভাবে শোনার গুরুত্ব সম্পর্কে মূল্যবান

অন্তর্দৃষ্টি প্রদান করেছে, এমন এক দৃষ্টিভঙ্গি যা তিনি বিচারকের আসনে থেকেও তার কাজের ক্ষেত্রে অব্যাহত রেখেছেন।

তার আইনি কর্মজীবনে, বিচারপতি স্কিনারকে বার অ্যাসোসিয়েশন এবং পেশাদার সংস্থাগুলির জন্য আপিল বিষয়ক আইনি প্রতিনিধিত্ব এবং নিউ ইয়র্কের আপিল সংক্রান্ত আদালতে প্যাক্টিস করার প্রসঙ্গ সহ শিক্ষামূলক প্রোগ্রাম উপস্থাপনের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। আইনি পেশায় মানসিক স্বাস্থ্য, সুস্থতা এবং মানসিক দৃঢ়তার গুরুত্ব নিয়েও তিনি বক্তব্য রেখেছেন। তিনি SUNY Brockport (স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক ব্রকপোর্ট)-এ স্নাতক শিক্ষার্থীদের আইন ও আইনি অধ্যয়ন এবং সাংবিধানিক আইন। এর ভূমিকাও শিখিয়েছেন।

তিনি SUNY কর্টল্যান্ড থেকে ইংরেজিতে স্নাতক ডিগ্রি অর্জন করেন এবং সিরাকিউজ ইউনিভার্সিটি কলেজ অফ ল (Syracuse University College of Law) থেকে অত্যন্ত সম্মানের সাথে জুরিস ডক্টর (J.D.) ডিগ্রি লাভ করেন।

প্রিসাইডিং জাস্টিস Gerald Whalen (জেরাল্ড হোয়েলন) বলেন, "অ্যাপিলেট ডিভিশনের ফোর্থ ডিপার্টমেন্টে সহযোগী বিচারপতি হিসেবে জাস্টিস এরিন স্কিনারকে স্বাগত জানাতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। বিচারপতি স্কিনার আমাদের আদালতের কাছে অপরিচিত নন। সপ্তম জুডিসিয়াল ডিস্ট্রিক্টে সুপ্রিম কোর্টের বিচারক হিসেবে নির্বাচিত হওয়ার আগে, বিচারপতি স্কিনার ফোর্থ ডিপার্টমেন্টের দুজন বিচারপতির গোপনীয় আইন-সহকারী (কনফিডেন্সিয়াল ল ক্লার্ক) এবং আমাদের আদালতের আইনি গবেষণা শাখার একজন কোর্ট অ্যাটর্নি হিসেবে দায়িত্ব পালন করেছেন। বিচারপতি স্কিনারের ইতিহাস এবং আমাদের আদালতের অভিজ্ঞতা একটি গুরুত্বপূর্ণ সম্পদ হবে কারণ তিনি সহযোগী বিচারপতি হিসাবে তার নতুন পদমর্যাদায় নিযুক্ত হয়েছেন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।